# জেলা পরিষদ
গাইবান্ধা

০৬ ফাল্গুন ১৪৩০

স্মারক নং- জেপ/গাই/২০২৩-২৪/৫৮০ তারিখ ঃ----------------------

১৯ ফেব্রুয়ারী ২০২৪

## খেয়াঘাট ইজারা প্রদানের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলা পরিষদ এর অধীন ০৬টি প্যাকেজের খেয়াঘাটসমুহ ১৪৩১ বঙ্গাব্দ সনের (ইজারা প্রদানের তারিখ হতে ৩০-১২-১৪৩১বঙ্গাব্দ পর্যন্ত) ইজারা প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে প্রত্যেকটি প্যাকেজের ঘাটের জন্য পৃথক পৃথক ভাবে সীল মোহরকৃত খামে (পেশাদার পাটনীর নিকট হতে) দরপত্র আহবান করা যাচ্ছে। প্রত্যেকটি দরপত্রের সাথে উদ্ধৃত মুল্যের ১০০% হারে অর্থ ও তার দেয় দর মুল্যের ১৫% ভ্যাট ও ৫% আয়কর অর্থ যে কোন তফসিলী ব্যাংকের ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ গাইবান্ধা এর অনুকুলে দাখিল করতে হবে। দরপত্র সিডিউল নগদ মুল্যে (অফেরতযোগ্য) জেলা পরিষদ কার্যালয়, গাইবান্ধা, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা ও উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয় সদর, সাঘাটা, ফুলছড়ি ও সুন্দরগঞ্জ হতে ক্রয় করা যাবে এবং উল্লিখিত কার্যালয়সমুহে রক্ষিত দরপত্র বাক্সে উল্লিখিত তারিখে দরপত্র গ্রহণ করা হবে। ইজারাযোগ্য ০৬টি প্যাকেজে খেয়াঘাটের ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি অফিস চলাকালীন সময়ে অত্র জেলা পরিষদ কার্যালয় হতে জানা যাবে।

**মোট ৩ (তিন) বারের দরপত্র বিজ্ঞপ্তির তারিখ ও সময় একসাথে ঘোষণা করা হ'ল ঃ**

| ৩ (তিন) বারের দরপত্র | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় (অফিস চলাকালীন সময়ে) | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম বার দরপত্র | ০৩/০৩/২০২৪খ্রিঃ | ০৪/০৩/২০২৪ খ্রিঃ সকাল ৯ টা হতে বেলা-৩ টা | ০৪/০৩/২০২৪ খ্রিঃ বিকাল-৪.০০ ঘটিকা |
| ১ম বার উপযুক্ত দর পাওয়া না গেলে ২য় বার দরপত্র | ১৮/০৩/২০২৪খ্রিঃ | ১৯/০৩/২০২৪ খ্রিঃ সকাল ৯ টা হতে বেলা-৩ টা | ১৯/০৩/২০২৪ খ্রিঃ বিকাল -৪.০০ ঘটিকা |
| ২য় বার উপযুক্ত দর পাওয়া না গেলে ৩য় বার দরপত্র | ০১/০৪/২০২৪খ্রিঃ | ০২/০৪/২০২৪ খ্রিঃ সকাল ৯ টা হতে বেলা-৩ টা | ০২/০৪/২০২৪ খ্রিঃ বিকাল -৪.০০ ঘটিকা |

১৯/২/২৪

(মোহাঃ আব্দুর রউফ তালুকদার)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গাইবান্ধা
ই-মেইলঃ zpgaibandha@gmail.com

**শর্তাবলীঃ**

১। প্রত্যেকটি প্যাকেজের দরপত্রের সাথে দেয় দরের ১০০% অর্থ এবং প্রদত্ত দরের ১৫% ভ্যাট ও ৫% আয়কর অর্থ পৃথক পৃথক ভাবে যে কোন তফসিলী ব্যাংকের ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ গাইবান্ধা এর অনুকুলে দরপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।

২। দরপত্রে প্রদত্ত দর অংকে ও কথায় স্পষ্টভাবে এবং দরপত্র খামের উপরিভাগে সংশ্লিষ্ট ঘাটের নাম লিখতে হবে। প্রদত্ত দরে অংকে অথবা কথায় কাটাকাটি হলে দরপত্র দাতা কর্তৃক তা প্রতিস্বাক্ষরিত করতে হবে।

৩। কৃতকার্য দর দাতার প্রদত্ত দর মুল্যের ১৫% ভ্যাট ও ৫% আয়কর অর্থ পরবর্তীতে সরকারি কোষাগারে জমা প্রদান করা হবে।

৪। দরপত্র গৃহীত হওয়ার ৩(তিন) দিনের মধ্যে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় তার জামানত বাজেয়াপ্ত করে দরপত্র/নিলাম ইজারা বাতিল করা হবে।

৫। প্রত্যেকটি প্যাকেজের ঘাটের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাখিলের পুর্বে ঘাটের অবস্থান দেখে নিতে হবে। পরে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬। দরপত্র গৃহীত হওয়ার ৭(সাত) দিনের মধ্যে ঐ ঘাট পরিচালনা সংক্রান্ত যাবতীয় নিয়মকানুন পালন করতে বাধ্য থাকবেন মর্মে অংগীকারে ইজারাদারকে কবুলিয়ত সম্পাদন করে দিয়ে সনদপত্র গ্রহণ করতে হবে। ইজারাদারকে চুক্তিনামা সম্পাদনের জন্য ৩০০/- (তিনশত) টাকা মুল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প যথাসময়ে অত্রাফিসে দাখিল করতে হবে।

৭। কৃতকার্য দরপত্র দাতাগণ প্রচলিত বিধি অনুযায়ী ঘাট পরিচালনা করতে বাধ্য থাকবেন।

৮। দরপত্রের সাথে দরপত্র বিক্রয়কারী অফিসের সীল ও স্বাক্ষর অবশ্যই থাকতে হবে।

৯। বিজ্ঞপ্তিতে উল্লিখিত খেয়াঘাটসমুহের মধ্যে মামলাজনিত কারণে আদালতের কোন নির্দেশনা থাকলে সেই ঘাটের ইজারা কার্যক্রম বন্ধ থাকবে।

১০। বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রথম বার দরপত্রে কেবলমাত্র পেশাদার পাটনীগণ অংশগ্রহন করতে পারবে এবং পেশাদার পাটনী হিসেবে সার্টিফিকেট/ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে। প্রথমবার দরপত্র আহবানে পেশাদার পাটনী না পাওয়া গেলে পরবর্তী দরপত্রসমূহে সর্বসাধারণ অংশগ্রহন করতে পারবে।

১১। দরপত্রে উল্লিখিত দাখিলকৃত দর যদি একই হয় তবে লটারীর মাধ্যমে চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করা হবে।
১২। কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের কাছে খেয়াঘাট ইজারা মূল্য বকেয়া থাকলে সে ব্যক্তি/প্রতিষ্ঠান সিডিউল ক্রয় করতে পারবে না।
১৩। ইজারা প্রাপ্ত খেয়াঘাট অন্যের নিকট সাব-লীজ দেয়া যাবে না।
১৪। কোনরুপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা জেলা পরিষদ সংরক্ষণ করেন।

২৯/২/২৪
(মোহাঃ আব্দুর রউফ তালুকদার)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গাইবান্ধা

স্মারক নং- জেপ/গাই/২০২৩-২০২৪/৫৮০(৫০০) তারিখঃ ১৯ ফেব্রুয়ারী ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল।
৩। জেলা প্রশাসক, গাইবান্ধা।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর/কুড়িগ্রাম/নীলফামারী/লালমনির হাট।
৫। পুলিশ সুপার, গাইবান্ধা ।
৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত/সওজ/পাউবো/বিউবো/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ/সাদুল্যাপুর/পলাশবাড়ী/গোবিন্দগঞ্জ/সাঘাটা/ফুলছড়ি, গাইবান্ধা ।
৮। উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ/সাদুল্যাপুর/পলাশবাড়ী/গোবিন্দগঞ্জ/সাঘাটা/ফুলছড়ি, গাইবান্ধা ।
৯। মেয়র, ........................... পৌরসভা, গাইবান্ধা।
১০। জনাব......................................................সম্মানিত সদস্য, সাধারণ/সংরক্ষিত .....ওয়ার্ড, জেলা পরিষদ, গাইবান্ধা।
১১। চেয়ারম্যান.............................................ইউ, পি, (সংশ্লিষ্ট) গাইবান্ধা
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা...........................................ইউ, পি,ভুমি অফিস (সংশ্লিষ্ট) গাইবান্ধা
১৩। জনাব/ মেসার্স.................. ........................................চলতি বছরের ইজারাদার) জেলা পরিষদ, গাইবান্ধা
১৪। সি এ টু চেয়ারম্যান, জেলা পরিষদ গাইবান্ধা। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৫। নোটিশ বোর্ড।
১৬। অফিস কপি।

২৯/২/২৪
(মোহাঃ আব্দুর রউফ তালুকদার)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গাইবান্ধা

**খেয়াঘাটের তালিকা- ১৪৩১ বঙ্গাব্দ সনের (ইজারা প্রদানের তারিখ হতে ৩০-১২-১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত)**

| প্যাকেজ নং | মুল খেয়াঘাট ও তার ফারী ঘাটসমুহের নাম | সিডিউল মুল্য | প্যাকেজ নং | মুল খেয়াঘাট ও তার ফারী ঘাটসমুহের নাম | সিডিউল মুল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | সুন্দরগঞ্জ উপজেলাঃ<br>ভেরামারা লটঘাট, বেলকা ঘাট, বাগমারা ফারী ঘাট, পশ্চিম পাড় সাদু হতে কানি চারিতাবাড়ী ঘাট | ৫০০/- | ০৪ | গাইবান্ধা সদর উপজেলাঃ<br>সোনাকুরার ডারা ঘাট | ১০০০/- |
| ০২. | সুন্দরগঞ্জ উপজেলাঃ<br>জিগাবাড়ী লটঘাট, বজরা ঘাট, আসান ঘাট | ৫০০/- | ০৫ | সাঘাটা উপজেলাঃ<br>মীরগঞ্জ লটঘাট, ঝাড়কাটা ঘাট, গুয়াবাড়ী ঘাট | ১০০০/- |
| ০৩ | সুন্দরগঞ্জ উপজেলাঃ<br>রজবখালী লটঘাট, মাটিয়াল ফারী ঘাট চন্ডিপুর, লালচামার ফারী কাপাশিয়া ভাটি কাপাশিয়া, উজান বুড়াল-ভাটি বুড়াল, পোড়ারচর | ১০০০/- | ০৬ | ফুলছড়ি উপজেলাঃ<br>ফুলছড়ি লটঘাট, গাবগাছি, গজারিয়া-গলনা ভাদিয়ার পাড়া, টেপরিগঞ্জ ঘাট | ১০০০/- |

২৯/২/২৪
(মোহাঃ আব্দুর রউফ তালুকদার)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গাইবান্ধা